

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৯৭(আগরতলা-০৭।০২)  
মোহনপুর, ০৭ ফেব্রুয়ারী, ২০১৮

বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে মোহনপুরে সর্বদলীয় বৈঠক

মোহনপুর মহকুমা ১-সিমনা(এস টি) ২-মোহনপুর এবং ৩-বামুটিয়া(এস সি) বিধানসভা কেন্দ্রে নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে গতকাল এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নির্বাচন কমিশনের আদর্শ আচরণবিধি মেনে চলার জন্য আহ্বান জানানো হয়। ই ভি এম কমিশনিং, পোষ্টাল ব্যালটের মাধ্যমে ভোটদান, সার্ভিস ভোটার এবং ভোটার স্লিপ বিতরণ সম্পর্কিত বিষয়গুলি নিয়ে রাজনৈতিক দলের প্রতিনিধিদের অবহিত করা হয়। সুষ্ঠুভাবে যাতে ভোটাররা ভোটাধিকার প্রয়োগ করতে পারেন তার জন্য সহযোগিতা করতে প্রতিটি রাজনৈতিক দলের প্রতিনিধিদের প্রতি অনুরোধ জানানো হয়। সভায় ১-সিমনা(এসটি) এবং ২-মোহনপুর নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার প্রসূন দে, ৩-বামুটিয়া(এসসি) নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার জয়ন্ত ভট্টাচার্য্য, মহকুমা পুলিশ আধিকারিক সুমন মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় সিপিআই(এম), আইএনসি, বিজেপি, আইএনপিটি, আইপিএফটি, আমরা বাঙ্গালী এবং নিৰ্দল প্রাথীর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*